# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

**শোক বার্তা**

## মানবাধিকারকর্মী রঞ্জন কর্মকারের মৃত্যুতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর গভীর শোক

**[ঢাকা, ১২ আগস্ট ২০২৬]** বিশিষ্ট মানবাধিকারকর্মী ও বেসরকারি সংস্থা স্টেপস টুয়ার্ডস ডেভেলপমেন্ট এর নির্বাহী পরিচালক রঞ্জন কর্মকার আজ ১২ আগস্ট ২০২৬ সকাল ১০টায় ঢাকায় মৃত্যুবরণ করেছেন। তাঁর মৃত্যুতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে।

রঞ্জন কর্মকার দীর্ঘদিন ধরে মানবাধিকার, সামাজিক ন্যায়বিচার, অর্থনৈতিক ও সামাজিক অধিকার, ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুদের অধিকার এবং নারীর অধিকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। অসাম্প্রদায়িক, বৈষম্যহীন ও সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে তিনি বিভিন্ন নাগরিক ও মানবাধিকার উদ্যোগে সক্রিয় ছিলেন।

স্টেপস টুয়ার্ডস ডেভেলপমেন্ট এর নির্বাহী পরিচালক হিসেবে তিনি প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠার পাশাপাশি লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়নের জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছেন। নারীর অধিকার ও বৈষম্যবিরোধী আন্দোলনের গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক দলিল সিডও (CEDAW)'র ওপর বাংলাদেশের শ্যাডো রিপোর্ট প্রণয়ন ও সমন্বয় প্রক্রিয়ায়ও তাঁর উল্লেখযোগ্য ভূমিকা ছিল।

এইচআরএফবি'র সঙ্গে তাঁর সম্পৃক্ততা, সহযোগিতা ও অংশগ্রহন ছিল অত্যন্ত গভীর। তিনি ফোরামের স্টিয়ারিং কমিটির একজন সদস্য হিসেবে মানবাধিকার পরিস্থিতি নিয়ে নীতি ও কর্মপরিকল্পনা নির্ধারণ,মানবাধিকার কর্মীদের মধ্যে সমন্বয় ও সংহতি গড়ে তোলা এবং বিভিন্ন যৌথ উদ্যোগে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন।

এইচআরএফবি মনে করে, ন্যায়বিচার, সমতা ও মানবিক মর্যাদার প্রতি রঞ্জন কর্মকারের নিষ্ঠা, বৈষম্যের বিরুদ্ধে তাঁর দৃঢ় অবস্থান এবং দীর্ঘদিনের কর্মপ্রয়াস দেশের মানবাধিকার ও নাগরিক আন্দোলনে স্মরণীয় হয়ে থাকবে। তাঁর মৃত্যু মানবাধিকারকর্মী, নাগরিক সমাজ এবং অসাম্প্রদায়িক ও প্রগতিশীল আন্দোলনের জন্য এক অপূরণীয় ক্ষতি।

এইচআরএফবি রঞ্জন কর্মকারের বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার, সহকর্মী, সহযোদ্ধা ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

**-হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)**


**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com



**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).